

স্বপ্ন নগরী নিউ ইয়র্ক নিয়ে কিছু কথা দেওয়ান আবদুল বাসেত

কথাশিল্পী এম, বাহাউদ্দিনের **স্বপ্ন নগরী নিউ ইয়র্ক** উপন্যাসটি **সদালাপ** ওয়েব ম্যাগাজিনের এক চমৎকার উপহার। পাঠকগন তা প্রাণভরে উপভোগ করেছেন সন্দেহ নেই। লেখকের ভাষার কারুকাজ, শব্দশৈলী, বর্ণনার মুন্সিয়ানায় ফুটে উঠেছে, প্রবাসের শেকড়বিহীন মানুষগুলোর বাস্তব জীবনের উপাখ্যান। যারা আমেরিকার স্বপ্নে বিভোর থাকেন সর্বদা কিংবা যারা তয়-তদবীর চালিয়ে যাচ্ছেন নিয়ত সে দেশে যাবার, তারা উপন্যাসটিকে একটি গাইড লাইন বা গাইড বুক হিসেবে পড়ে নিতে পারেন। উপন্যাসটি পড়ে আমার তাই মনে হয়েছে। আমার আরো মনে হয়েছে লেখক উপন্যাসটি লেখার সময় কলমের সঙ্গে অত্যন্ত সৎ ছিলেন।

না। পোস্ট মটম করার জন্যে আমি উপন্যাসটিকে নিয়ে লাশ ঘরে ঢুকবো না। আমি একটু ভাসমান আলোচনা করবো মাত্র। কেননা আমি একজন ছড়াশিল্পী হয়ে কথাসাহিত্যের আলোচনা আমার সাধের বাহিরে।

এক সময়ের জেদ্দা, সউদী আরব প্রবাসী এম বাহাউদ্দিন প্রবাসের এই ভাসমান মানুষগুলোকে খুব কাছে থেকে দেখেছেন। কখনো সখনো তাদের সুখ-দুঃখের সাথী হয়েছেন। বাস্তবতার চরম কষাঘাতে নিষ্পেষিত হয়েছেন। আর তাতে লেখকের মনোভূমিতে জন্ম নিয়েছে **স্বপ্ন নগরী নিউ ইয়র্ক**। এটিকে উপন্যাস না বলে বাঙালি প্রবাসীদের জীবনোপাখ্যানও বলা যায়।

সম্ভবত: উপন্যাসটির প্রথম তিনটি পর্ব প্রকাশিত হবার পর বিশিষ্ট কলামিস্ট সেতারা হাশেম লিখেছিলেন সংক্ষিপ্ত আলোচনা। তখন ওনার লেখায় জানতে পেরেছি লেখক এম বাহাউদ্দিন হাটের সমস্যায় ভুগছেন। তখন থেকেই আমার সিরিয়াস আশংকা ছিলো আদৌ কী আমরা লেখকের কাছে পূর্ণাঙ্গ উপন্যাসটি পাবো? পড়তে পারবো? স্রষ্টাকে এক আকাশ ধন্যবাদ যে তিনি লেখককে সে সুযোগ দিয়েছেন। আমার মতো সাধারণ পাঠকদেরও ভাগ্য সুপ্রসন্ন অবশেষে উপন্যাসটির পুরো স্বাদটি নিতে পারলাম।

দীর্ঘ সময় পরে দুবাই, আরব আমিরাত প্রবাসী ওয়েব ম্যাগাজিন **স্পর্শক** এর সম্পাদক ও বিশিষ্ট লেখক জনাব নুরুল্লা মাসুম লিখেছেন উপন্যাসটির একটি নাতিদীর্ঘ আবেগপূর্ণ আলোচনা। দু'জনের আলোচনাই ভালো লেগেছে। যে কোনো প্রকাশনাই আলোচনার দাবী রাখে। গঠনমূলক আলোচনা-সমালোচনার মাধ্যমেই একজন লেখক এবং তার লেখা দিক নির্দেশনা পায়। কিন্তু এ ক্ষেত্রে আমরা বড়ো কৃপন।

সদালাপে প্রকাশিত আমার একগুচ্ছ ছড়ার মধ্যে কয়েকটি ছড়ার শব্দ চয়ন নিয়ে পরামর্শ দিয়েছিলেন জনাব এম বাহাউদ্দিন। সেদিনই আমি বোঝতে পেরেছি এ লেখক অনেক অভিজ্ঞতার আলোকে আলোকিত মানুষ। আমাদের এই অমানিশাচ্ছন্ন মন-মানসে এবং সমাজে এমন আলোকিত মানুষ খুব বেশী দরকার আজ। লেখকের দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করি। তাঁর লেখনী আরো শানিত হোক শোষিত মানব কল্যাণে।

দেওয়ান আবদুল বাসেত
সম্পাদক



প্রকাশনার ১৭ বছর
রিয়াদ, সউদী আরব।

E-mail: editor@marupalash.com
www.marupalash.com